

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dls.gov.bd

নথি নং- ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৬.১৮- ৪৭

তারিখ: ১৬/০১/২০২০ খ্রী:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,  
রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

বিষয় : কারখানা পরিদর্শন প্রতিবেদন এবং “**Compounded Animal Feed (Poultry)**” এর সেম্পল প্রেরণ প্রসঙ্গে।  
সূত্র : আফতাব ফিড প্রোডাক্টস লিঃ, ৫৯/বি, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩ বাংলাদেশ এর ০৬/০১/২০২০ খ্রী:  
তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আফতাব ফিড প্রোডাক্টস লিঃ, ৩০০ মেঃ টন “Compound Animal Feed (Poultry)” ভারতে রপ্তানির উদ্দেশ্যে হেলথ/স্যানিটারি সার্টিফিকেট প্রদানের জন্য আবেদন করেছে। সে প্রেক্ষিতে বর্ণিত পণ্য রপ্তানীর পূর্বে বর্ণিত প্রতিষ্ঠানের “Compounded Animal Feed (Poultry)” এর পুষ্টিমান কেমন এবং ক্ষতিকর জীবানু আছে কিনা তা’ জানা প্রয়োজন।

এমতাবস্থায় বর্ণিত প্রতিষ্ঠানের কারখানার সার্বিক ব্যবস্থাপনা কেমন এবং জীব নিরাপত্তাসহ SOP maintain করা হচ্ছে কিনা, তা’ সরেজমিনে পরিদর্শন করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণসহ কারখানা থেকে “Compounded Animal Feed (Poultry)” এর নমুনা সংগ্রহপূর্বক প্যাকেট সীলগালা করে পিএসও, সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা, পিএসও, প্রাণিপুষ্টি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এবং পরিচালক, পিআরটিসি, সিভাসু, খুলশী, চট্টগ্রাম-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**কারখানার ঠিকানা:**

রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ  
মোবা: ০১৭১৪০৯৫৮০৬

(ডাঃ পল্লব কুমার দত্ত)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
ফোন: +৮৮-০২-৯১১৫৯৩৬

ই-মেইল: adtraining.dls@gmail.com.

**জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:**

- ১। পিএসও, সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। “Compounded Animal Feed (Poultry)” এর নমুনা ল্যাবরেটরীতে টেস্ট করে Beef or its products, Mammalian meal and bone meal এবং অন্যান্য ক্ষতিকর জীবানুমুক্ত/যুক্ত কিনা, সে বিষয়ে রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার (প্রযোজ্য ক্ষেত্রে) রপ্তানিকারক প্রতিষ্ঠান বহন করবে।
- ২। পিএসও, প্রাণিপুষ্টি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। “Compounded Animal Feed (Poultry)” এর নমুনা ল্যাবরেটরীতে টেস্ট করে পুষ্টিমান, Moisture level, Hormones, Aflatoxins and banned antibiotics, বিষয়ে রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার (প্রযোজ্য ক্ষেত্রে) রপ্তানিকারক প্রতিষ্ঠান বহন করবে।
- ৩। পরিচালক, পিআরটিসি, সিভাসু, খুলশী, চট্টগ্রাম। “Compounded Animal Feed (Poultry)” এর নমুনা ল্যাবরেটরীতে টেস্ট করে E.coli, Salmonella, Nitrofurans, Chloramphenicol & Animal Protein (Porcine derivative) মুক্ত/যুক্ত কিনা, রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার (প্রযোজ্য ক্ষেত্রে) রপ্তানিকারক প্রতিষ্ঠান বহন করবে।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নারায়নগঞ্জ।
- ৫। আফতাব ফিড প্রোডাক্টস লিঃ। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ এর সাথে যোগাযোগ করে “Compounded Animal Feed (Poultry)” এর সেম্পল সংগ্রহের কাজে সহযোগিতাসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার (প্রযোজ্য ক্ষেত্রে) বহন করার জন্য বলা হলো।
- ৬। পিএ-টু-মহাপরিচালক, ডিএলএস, ঢাকা (ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। আইসিটি অফিসার, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৮। অফিস কপি।